



**ঢাকা বিশ্ববিদ্যালয় :** ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে একটি স্থায়ী অধ্যাপকের পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : ৫৬,৫০০-৭৪,৪০০/- টাকা

**শিক্ষাগত যোগ্যতা :** প্রার্থীদের অবশ্যই স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে বিশিষ্ট পণ্ডিত হতে হবে। তাঁহাদের পি-এইচ.ডি. কিংবা সমমানের ডিগ্রী থাকা বাঞ্ছনীয়। কোন বিশ্ববিদ্যালয় বা উচ্চতর গবেষণা প্রতিষ্ঠানে তাঁদের কমপক্ষে ১২ (বার) বছরের শিক্ষাদান ও গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় প্রার্থীদের মৌলিক গবেষণামূলক প্রবন্ধ থাকতে হবে। শিক্ষক হিসাবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করিয়া ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় অবদান ও যোগ্যতা হিসাবে গণ্য করা হবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১,০০০/- (এক হাজার) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সার্টিফিকেট, প্রশংসাপত্র, মার্কসীট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ১১ (এগার) কপি দরখাস্ত রেজিস্ট্রারের নিকট পৌঁছাতে হবে। দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ১৫/১২/২০২১। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।

**ঢাকা বিশ্ববিদ্যালয় :** ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে ০২ (দুই)টি স্থায়ী সহকারী অধ্যাপকের পদ পূরণের জন্য রেজিস্ট্রারের দফতর হতে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বেতন স্কেল : সহকারী অধ্যাপক পদের জন্য ৩৫,৫০০-৬৭,০১০/- টাকা (জাতীয় বেতন স্কেল-২০১৫)

**সহকারী অধ্যাপক পদের শিক্ষাগত যোগ্যতা :** প্রার্থীদের অবশ্যই ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে অনার্স এবং মাস্টার্স ডিগ্রী পরীক্ষায় ন্যূনতম প্রথম শ্রেণী অথবা সিজিপিএ স্কেল এর ক্ষেত্রে ৪.০০ এর মধ্যে ৩.৫০ অথবা কোন বিদেশী বিশ্ববিদ্যালয় হতে সমমানের ডিগ্রীসহ এস.এস.সি. এবং এইচ.এস.সি. পরীক্ষায় ন্যূনতম প্রথম বিভাগ অথবা জিপিএ স্কেল এর ক্ষেত্রে ৫.০০ এর মধ্যে ৪.২৫ থাকতে হবে। কোন বিশ্ববিদ্যালয়ে তাঁদের কমপক্ষে ০৩ (তিন) বৎসরের শিক্ষাদান ও গবেষণার অভিজ্ঞতাসহ স্বীকৃতমানের গবেষণা পত্রিকায় ০৩(তিন)টি প্রকাশিত গবেষণা প্রবন্ধ থাকতে হবে। **Predatory Journal** এ প্রকাশিত প্রকাশনা গ্রহণ করা হবে না। শিক্ষক হিসেবে অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র/ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় বিশেষ অবদান ও যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। অন্যান্য যোগ্যতা সমান থাকলে পিএইচ.ডি ডিগ্রীধারীগণদের অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ ৮ (আট) কপি দরখাস্ত রেজিস্ট্রারের নিকট পৌঁছাতে হবে। দরখাস্তের প্রত্যেক কপির সাথে সার্টিফিকেট, প্রশংসাপত্র, গ্রেডসীট/মার্কসীট এবং অভিজ্ঞতার প্রমাণপত্রের সত্যায়িত প্রতিলিপি সংযুক্ত করতে হবে। দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ০৭/১১/২০২১। চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত প্রেরণ করতে হবে।